

💵 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১৭৩

১/ বিবিধ

আরবী

من حدث حديثا كما سمع؛ فإن كان برا وصدقا، فلك وله، وإن كان كذبا فعلى من بدأه بدأه موضوع

رواه الطبراني في " الكبير " (7961) عن جعفر بن الزبير عن أبي أمامة مرفوعا

قال في " المجمع " (1/154)

" وفيه جعفر بن الزبير وهو كذاب "

ونحوهذا الحديث ما رواه مسعدة بن صدقة عن جعفر بن محمد عن أبيه عن جده عن أبيه عن على مرفوعا

" إذا كتبتم الحديث فاكتبوه بإسناده، فإن يكن حقا كنتم شركاءه في الأجر، وإن يكن باطلا كان وزره عليه "

أورده الذهبي في ترجمة مسعدة هذا من " الميزان " وقال

" قال الدارقطني: متروك "

ثم ساق الحديث وقال

" هذا موضوع "

وأقره الحافظ العسقلاني ثم المناوي



১১৭৩। যে ব্যক্তি কোন হাদীস বর্ণনা করবে সেভাবে যেভাবে শুনেছে, সে যদি সৎ ও সত্যবাদী হয় তাহলে তোমার জন্য এবং তার জন্য, আর যদি মিথ্যাবাদী হয় তাহলে সেই ব্যক্তির প্রতি বর্তবে যে তার দ্বারা শুরু করেছিল।

शमीमिं वात्नाशां ।

হাদীসটি ইমাম ত্ববারানী "আল-মুজামুল কাবীর" গ্রন্থে (৭৯৬১, ৭৮৮৮) জাফর ইবনুয যুবায়ের সূত্রে আবু উমামাহ হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

"আল-মাজমাউয যাওয়াইদ" গ্রন্থে (১/১৫৪) এসেছেঃ এর সনদে জাফার ইবনুয যুবায়ের রয়েছেন, তিনি মিথ্যুক।

অনুরূপ একটি হাদীস মিস'আদাহ ইবনু সাদাকাহ জাফার ইবনু মুহাম্মাদ হতে, তিনি তার পিতা (মুহাম্মদ) হতে, তিনি তার দাদা হতে, তিনি তার পিতা হতে, তিনি আলী (রাঃ) হতে মারফু' হিসেবে বর্ণনা করেছেনঃ

إذا كتبتم الحديث فاكتبوه بإسناده، فإن يكن حقا كنتم شركاءه في الأجر، وإن يكن باطلا كان وزره عليه

যখন তোমরা হাদীস লিখবে তখন তাকে তার সন্দ সহকারে লিখ। কারণ, হাদীসটি যদি সত্য হয় তাহলে তোমরা তার সাওয়াবের ব্যাপারে অংশীদার হবে, আর যদি হাদীসটি বাতিল হয় তাহলে তার গুনাহ তার উপরেই বর্তাবে।

হাফিয যাহাবী মিস'আদার জীবনী বর্ণনা করতে গিয়ে হাদীসটি "আল-মীযান" গ্রন্থে উল্লেখ করে বলেছেনঃ দারাকুতনী বলেনঃ তিনি মাতরূক। অতঃপর তিনি হাদীসটি উল্লেখ করে বলেছেনঃ এটি বানোয়াট। হাফিয ইবনু হাজার আসকালানী এবং মানবীও হাদীসটি বানোয়াট হওয়াকে সমর্থন করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন